

**MADHYAMIK EXAMINATION 2007**  
**BENGALI (First Language)**  
**First Paper**

১. প্রতিটি উত্তর অনধিক তিনটি বাক্যে লিখো যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাওঃ
- 2 x 3=6
- ১.১ “দান করয়ে জনগনে” ---- উদ্দিষ্ট ব্যক্তি ‘জানগনে’ কী দান করেন ?
- ১.২ “পরদোষে কে চাহে মজিতে” ----- বক্তা ‘পরদোষ’ বলতে কী বোঝাতে চেয়েছেন ?
- ১.৩ “একে একে মনে উদিল স্মরনে বালক- কালের কথা” --- বালক- কালের কোন্ কোন্ কথা বক্তার মনে পড়েছে ?
- ১.৪ “চারিদিকে চেয়ে দেখি পল্লবের স্তূপ”----- এই প্রসঙ্গে কবি কোন্ কোন্ গাছের নাম উল্লেখ করেছেন?
- ১.৫ “সেই গল্পের ভিতরে... একটি শিশুও ছিল।” ---- শিশুটি সম্পর্কে কবি কী কী বিশেষণ ব্যবহার করেছেন?
- ১.৬ “আমি চেয়ে দেখি প্রতিজ্ঞা প্রস্তুত ঘরে ঘরে” ----- কীসের জন্য এই প্রস্তুতি?
২. প্রতিটি উত্তর কমবেশি ছটি বাক্যে লিখো যে- কোনো চার প্রশ্নের উত্তর দাওঃ
- 5x4=20
- ২.১ ‘হাটে মাঠে বাটে’ ----উপেন ‘বছর পনেরো ষোলো’ কাটিয়েছিল কেন? তার নিজের বাড়ির কাছে পৌছোবার পথের পুঙ্খানুপুঙ্খ বর্ণনা করো? 2+3=5
- ২.২ “দাদি যে তোমায় কত খুশি”-- দাদির খুশি হবার কারন কী ছিল? খুশি হয়ে দাদি দাদুকে কীভাবে কী বলত? তাতে দুজনের সম্পর্কের কী পরিচয় পওয়া যায়? 2+2+1=5
- ২.৩ “আলাদিনের মায়ার প্রদীপ ওই আমাদের ছেলের দল” --- “আলাদিনের মায়ার প্রদীপ” কথাটার তাৎপর্য কী? ‘ছেলের দল’ সম্পর্কে এ কথা কেন বলা হয়েছে? 2+3 =5
- ২.৪ “বেহুলাও একদিন গাঙুরের জলে ভেলা নিয়ে” ---বেহুলা ভেলা নিয়ে কোথায় য়াচ্ছিল? যাত্রাপথে সে কী ‘দেখেছিল’ ও কী শুনেছিল? গন্তব্যস্থলে গিয়ে সে কী দেখেছিল? 1+2+2=5
- ২.৫ “এইসব নিশানা ধরেই এখানে ফিরেছি আমি ।” -----নিশানা গুলি উল্লেখ করো। বক্তা কোথায় ফেরার কথা বলেছেন? 3+2=5
- ২.৬ “আমি এক দুর্ভিক্ষের কবি” ----কবি নিজের সম্পর্কে কেন এই কথা বলেছেন? এই অবস্থায় তাঁর দিনযাপনের যে বর্ণনা পাওয়া যায় তা নিজের ভাষায় লেখো? 2+3=5

২.৭ “আজকে প্রানের গো- ভাগাড়ে উড়ছে শুধু চিল- শকুনি”----এখানে ‘গো-ভাগাড়ে’ ও ‘চিল- শকুনি’ শব্দ দুটির মধ্য দিয়ে সমাজের কোন অবস্থার কথা বলা হয়েছে? এই অবস্থা থেকে উদ্ধার পাওয়ার জন্য কবি কীসের উপর ভরসা করেছেন?  
২+৩=৫

৩. কমবেশি পনেরোটি বাক্যে যে- কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১০
- ৩.১ ‘কবর’ কবিতার বৃন্দাদুর যে স্মৃতিচারণা আছে তা নিজের ভাষায় বর্ণনা করো?
- ৩.২ ‘বাংলার মুখ আমি দেখিয়াছি’ কবিতায় নিজের দেশের প্রতি কবির ভালোবাসা কেমন ভাবে ব্যক্ত হয়েছে কবিতা থেকে অন্তত দুটি উদ্ধৃতি দিয়ে তা ফুটিয়ে তোলো।
- ৩.৩ ‘বিভীষণের প্রতি ইন্দ্রজিত’ কাব্যংশ অবলম্বনে বিভীষণ ও ইন্দ্রজিতের চরিত্রের তুলনামূলক আলোচনা করো।

৪. উতস নির্দেশসহ প্রতিটি টীকা অনধিক চারটি বাক্যে লিখো (যে কোনো দুটি)  
২ x ২=৪

- ৪.১ বরণ- আশ্রম; ৪.৪ নিশীথ- শীতল স্নেহ;  
৪.২ মধুকর ডিঙা; ৪.৫ নির্বোধ স্তাবক;  
৪.৩ হিবাচি; ৪.৬ নিকুন্তিলা যজ্ঞাগার;

৫. কমবেশি পনেরোটি বাক্যে যে- কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১০

- ৫.১ ‘লোহার ব্যাথা’ বলতে কবি আসলে কীসের ব্যথার কথা বলেছেন? কবি এই কবিতায় যে রূপকের আশ্রয় নিয়েছেন তা নিজের ভাষায় বুঝিয়ে দাও।  
৪+৬=১০
- ৫.২ ‘ইহার চেয়ে হতেম যদি আরব বেদুইন!’----‘দুরন্ত আশা’ কবিতায় কোন জীবনের প্রতি বীতশ্রদ্ধ হয়ে কবি এই ইচ্ছা প্রকাশ করেছেন? ওই জীবনের বর্ণনায় কবির প্রকাশভঙ্গির বিশিষ্টতা বুঝিয়ে দাও।  
৬+৪=১০

৬. নিম্নলিখিত যে কোনো একটি বিষয় সম্পর্কে অনধিক ৫০০ শব্দের মধ্যে প্রবন্ধ লেখোঃ ২০

- ৬.১ জনজীবনে সংবাদ- মাধ্যমের ভূমিকা।  
৬.২ প্রতিবন্ধীদের প্রতি ছাত্রছাত্রীদের কর্তব্য।  
৬.৩ পরিবেশদূষণ ও তার প্রতিকার।  
৬.৪ ‘বাংলা সহায়ক পাঠ’ গ্রন্থের যে- গল্পটি তোমার সবচেয়ে ভালো লাগে।

৭. চলিত গদ্যে বঙ্গানুবাদ করোঃ ১০

One day Sir Isaac Newton went out of room leaving on the table a heap of papers containing his long research on the theory of light. There was on the floor of the room laying his pet dog, Diamond. No sooner had he gone than the dog jumped upon the table and upturned the lighted candle and papers immediately caught fire. Returning after a few minutes Newton found that all his hard labor of twenty years had been reduced to ashes. But the great scientist patted the dog on head exclaiming, “Oh, Diamond, you don’t know what you have done!”

৮. যে- কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ

৫

৮.১ ভাবার্থ লেখো (প্রদত্ত রচনার এক- তৃতীয়াংশ আয়তনের মধ্যে)

আসক্তির মতো নির্ধূর শক্ত কিছুই নেই; সে নিজেকেই জানে, সে কাউকে দয়া করে না, সে কারও জন্য কিছুমাত্র পথ ছাড়তে চায় না। এই আসক্তিই হচ্ছে জীবনের ধর্ম; সমস্তকেই সে নেবে বলে সকলের সঙ্গেই সে লড়াই করছে।  
ত্যাগ বড় সুন্দর বড় কোমল। সে দার খুলে দেয়। সঞ্চয়কে সে কেবল এক জায়গায় স্তপাকাররূপে উদ্ধত হয়ে উঠতে দেয় না। সে ছড়িয়ে দেয়, বিলিয়ে দেয়।

৮.২ ভাবসম্প্রসারণ করো(কমবেশি দশটি বাক্যে) ৫

অন্ন চাই, প্রান চাই, আলো চাই, চাই মুক্ত- বায়ু  
চাই বল, চাই স্বাস্থ্য, আনন্দ উজ্জ্বল পরমায়ু  
সাহসবৃত্ত বক্ষপট ।

৯ যে- কোনো একটির উত্তর দাও(আনধিক দশটি বাক্যে) ৫

৯.১ সংবাদপত্রে প্রকাশের জন্য নিম্নলিখিত বিষয়ে একটি প্রতিবেদন রচনা করঃ

তোমাদের বিদ্যালয়ে আয়জিত বিজ্ঞান- প্রদর্শনী।

৯.২ তোমাদের বিদ্যালয়ে শিক্ষক- দিবস উতযাপনের জন্য যে প্রস্ততি কমিটি গঠিত হয়েছে তার একটি সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করো